যুগান্তর

তারিখ ০5 DEC 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

# আসছে বঙ্গবন্ধুর লেখা দ্বিতীয় বই 'কারাগারের রোজনামচা'

## প্রকাশ করবে বাংলা একাডেমি

**হক ফারুক আহমেদ**

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের গোটা জীবনই সংগ্রামের। এ দেশের শোষিত, নিপীড়িত মানুষের অধিকার আদায়ের জন্য এই মানুষটি যৌবনের বেশিরভাগ সময়ই কারাগারে কাটিয়েছেন। তার লেখা 'অসমাপ্ত আত্মজীবনী' বইয়ে জেল জীবনের অনেক কথাই রয়েছে। তবে এবার বঙ্গবন্ধুর জেল জীবনের কথা ভিন্নভাবে প্রকাশ হতে যাচ্ছে। বঙ্গবন্ধুর জেল জীবনের দৈনন্দিন বিবরণ বা ডায়েরির ওপর নির্ভর করে দ্বিতীয় এ বইয়ের নাম 'কারাগারের রোজনামচা'। শুধু বাংলায় নয় ইংরেজিতেও বইটি প্রকাশ হতে যাচ্ছে। দুটি সংস্করণই প্রকাশ করবে বাংলা একাডেমি। তবে প্রথমে প্রকাশ হবে বাংলা সংস্করণটি। অমর একুশে গ্রন্থমেলা ২০১৭-এর শুরুতেই বইটি প্রকাশ হবে বলে জানা গেছে।

'কারাগারের রোজনামচা' বইটি প্রকাশের জন্য দীর্ঘদিন ধরে একটি সম্পাদনা পর্ষদ কাজ করছে। বঙ্গবন্ধু বইয়ের কোনো নাম দিয়ে যাননি। তারিখ দিয়ে ডায়েরির মতো লিখে গেছেন। সেদিকে লক্ষ্য রেখেই বঙ্গবন্ধুর দ্বিতীয় কন্যা শেখ রেহানা 'কারাগারের রোজনামচা' নামটি প্রস্তাব করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ এই বইয়ের সম্পাদনার সঙ্গে যুক্ত সবারই নামটি পছন্দ হয়। কারণ, নামটি শ্রুতিমধুর এবং কারা-সাহিত্য হিসেবে খুবই উপযোগী।

জানা যায়, বাংলা একাডেমির পক্ষ থেকে গবেষণা সংকলন এবং অভিধান ও বিশ্বকোষ বিভাগ বইটি নিয়ে কাজ করছে। 'কারাগারের রোজনামচা'র ইংরেজি অনুবাদ করছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ড. ফকরুল আলম। আরেকটি সূত্র জানায়, 'কারাগারের রোজনামচা' ■ পৃষ্ঠা ৭ : কলাম ৮

## আসছে বঙ্গবন্ধুর লেখা দ্বিতীয় বই

(৩য় পৃষ্ঠার পর)

বইটি হবে ৩০০-৩৫০ পৃষ্ঠার। এতে লেখার সঙ্গে সংশ্লিষ্ট বঙ্গবন্ধুর বেশ কিছু আলোকচিত্রও স্থান পাবে। বর্তমানে বইটির ছাপার কাজ চলছে। বইটি বঙ্গবন্ধুর লেখক জীবনের সর্বশেষ বই নয়। এর বাইরে বঙ্গবন্ধুর লেখা আরও তিন থেকে চারটি বইয়ের পাণ্ডুলিপি রয়েছে যেগুলো সম্পাদনার পর্যায়ে রয়েছে।

আরও জানা যায়, 'কারাগারের রোজনামচা' বইয়ের সূচনার কোটেশনে বঙ্গবন্ধু লিখেছেন— 'থালা বাটি কম্বল/জেলখানার সম্বল'। বইয়ের নানা অংশে 'বন্দুক দফা', 'পাগল দফা', 'চৌকি দফা', 'জলঘড়ি দফা', 'শয়তানের কল', 'মুচি খাতা', 'কেসটাকোল', 'রাইটার দফা' ইত্যাদি অংশে বঙ্গবন্ধুর আকর্ষণীয় লেখনী শক্তি এবং বর্ণনায় বিধৃত।

'কারাগারের রোজনামচা' বইটি নিয়ে বাংলা একাডেমির মহাপরিচালক অধ্যাপক শামসুজ্জামান খান যুগান্তরকে বলেন, 'আমি শুধু এটুকু বলতে চাই বঙ্গবন্ধুর লেখা দ্বিতীয় বইটির প্রকাশনার দায়িত্ব পাওয়া বাংলা একাডেমির জন্য গৌরবের। আমরা প্রধানমন্ত্রীর কাছে কৃতজ্ঞ। বাংলা একাডেমি তার সর্বোত্তম চেষ্টা দিয়ে বইটি প্রকাশ করতে যাচ্ছে।'

বঙ্গবন্ধুর লেখা দ্বিতীয় বই 'কারাগারের রোজনামচা' নিয়ে একটি প্রকাশনা উৎসবের আয়োজন করা হবে বলেও তিনি জানিয়েছেন।